# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ১০০টি প্রতিষ্ঠানকে ৪.৯৪ লক্ষ টাকা জরিমানা

১৭ জুলাই ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ৩০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, মানিকগঞ্জ, মাদারীপুর, ফরিদপুর, নেত্রকোণা, শেরপুর, ময়মনসিংহ নারায়ণগঞ্জ টাঙ্গাইল, গোপালগঞ্জ, চট্টগ্রাম, নোয়াখালী, কক্সবাজার, ফেনী, রংপুর, দিনাজপুর, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, বাগেরহাট, মাগুরা, কুষ্টিয়া, সাতক্ষীরা, সিলেট, পিরোজপুর, পটুয়াখালী এবং বগুড়ায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানা কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর চকবাজার এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে বাঘাবাড়ী ডেইরি এন্ড সুইটস ও রাজধানী কনফেকশনারীকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা করে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর বাড্ডা ও ভাটারা থানা এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে থাই রেড চিলি ক্যাফে এন্ড রেস্টুরেন্ট ও নিউ মা বেকারী এন্ড সুইটসকে যথাক্রমে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আদি বেরাইদ সুইটমিটকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে মানিকগঞ্জের হরিরামপুর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহাকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: নাজমুল হাসানের নেতৃত্বে ফরিদপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুরের শ্রীবরদী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ আলমের নেতৃত্বে ময়মনসিংহের গৌড়িপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শরীফুল ইসলামের নেতৃত্বে টাঙ্গাইলের মধুপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকাসহ মোট **৮৭,৫০০/- (আটাশি হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ওজনে কারচুপি, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের ইপিজেড থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রামের ডবলমুরিং ও খুলসী এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **২৬,০০০/- (ছাব্বিশ হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের চকবাজার থানা এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক বাহা উদ্দীন ভূঁঞা এর নেতৃত্বে নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা, কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সুলতান মাহমুদ মিলনের নেতৃত্বে কক্সবাজার সদর উপজেলায় **৮টি** প্রতিষ্ঠানকে **১৯,৫০০/- (উনিশ হাজার পাঁচশত)** টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সোহেল চাকমার নেতৃত্বে ফেনী সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: হাসান-আর-মারুফের নেতৃত্বে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কাজী রকিবুল হাসানের নেতৃত্বে নওগাঁ এর বদলগাছী উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৮,৫০০/- (আট হাজার পাঁচশত)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাট সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৩৩,০০০/- (তেত্রিশ হাজার)** টাকা, মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে মাগুরার শ্রীপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়ার মিরপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের বিশ্বনাথ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্যাহ এর নেতৃত্বে সিলেটের কোতয়ালী থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩৮,০০০/- (আটত্রিশ হাজার)** টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে পিরোজপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালী গলাচিপা উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে বগুড়া সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **২,৯৮,৫০০/- (দুই লক্ষ আটানব্বই হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপিন্নকারী কার্য, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে টংকে **১,০০০/- (এক হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২৫০/- (দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ৫টি প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৫ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,০০০/- (চার হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ৪টি প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা প্রদান করা হয়।

টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শরীফুল ইসলাম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে গ্রীন ভিলেজকে **১,০০০/- (এক হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২৫০/- (দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাস কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে তায়েফ গার্ডেনকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ২টি প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে নিরাপত্তা ক্যান্টিনকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **৩০টি** বাজার তদারকির ও **১৪টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১০০টি** প্রতিষ্ঠানকে মোট **৪,৯৪,০০০/- (চার লক্ষ চুরানব্বই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১৪ জন** অভিযোগকারীকে মং **১২,০০০/- (বার হাজার)** টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ১০ জুলাই ২০১৭ তারিখে টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শরীফুল ইসলামের নেতৃত্বে টাঙ্গাইলের কালিহাতি উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা এবং ১৩ জুলাই ২০১৭ তারিখে পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, মানিকগঞ্জ, মাদারীপুর, ফরিদপুর, নেত্রকোণা, শেরপুর, ময়মনসিংহ নারায়ণগঞ্জ টাঙ্গাইল, গোপালগঞ্জ, চট্টগ্রাম, নোয়াখালী, কক্সবাজার, ফেনী, রংপুর, দিনাজপুর, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, বাগেরহাট, মাগুরা, কুষ্টিয়া, সাতক্ষীরা, সিলেট, পিরোজপুর, পটুয়াখালী এবং বগুড়া।
৭। পুলিশ সুপার, ঢাকা, মানিকগঞ্জ, মাদারীপুর, ফরিদপুর, নেত্রকোণা, শেরপুর, ময়মনসিংহ নারায়ণগঞ্জ টাঙ্গাইল, গোপালগঞ্জ, চট্টগ্রাম, নোয়াখালী, কক্সবাজার, ফেনী, রংপুর, দিনাজপুর, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, বাগেরহাট, মাগুরা, কুষ্টিয়া, সাতক্ষীরা, সিলেট, পিরোজপুর, পটুয়াখালী এবং বগুড়া।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।